



ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত সমন্বয় কমিটির এক সভা গত ০৯ মার্চ, ২০২০ তারিখ দুপুর ১২.০০টায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর সভাপতিত্বে প্রশাসনিক ভবনস্থ উপাচার্য মহোদয়ের অফিস সংলগ্ন লাইব্রেরী অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় কোষাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক এবং সমন্বয় কমিটির সদস্য-সচিব রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সভার কার্যবিবরণী

সভার প্রারম্ভে মাননীয় উপাচার্য উপস্থিত সদস্যবৃন্দকে সাদর সম্ভাষণ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সরকারের সাম্প্রতিককালের নির্দেশনাসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ :

- স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বঙ্গবন্ধুকে মরণোত্তর সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি Doctor of Laws (*Honoris Causa*) প্রদানের লক্ষে অনুষ্ঠিতব্য বিশেষ সমাবেশ অনুষ্ঠানের ভেন্যু নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন-এর পরিবর্তে ঢাকা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে করা হোক এবং পাঁচহাজার দর্শক ধারণ ক্ষমতার এয়ারকন্ডিশন ও রেইন প্রোটেকশনসহ একটি প্যাভেল তৈরি করা হোক। এছাড়া ভেন্যু পরিবর্তনের অনুমতি চেয়ে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে পত্র দেয়া হোক এবং সমাবেশের ভেন্যু পরিবর্তনের জন্য রিভাইসড বাজেট প্রস্তুত করে সরকারের সংশ্লিষ্ট দপ্তরে বরাদ্দ চেয়ে পত্র দেয়া হোক।
 - জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ ভবনসমূহে (কলাভবন, কার্জন হল ও টিএসসি) ১৭ মার্চ ২০২০ তারিখ রাতে সীমিত বাজেটের মধ্যে আলোকসজ্জা করার ব্যবস্থা গ্রহণ করা হোক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উদ্বোধনী অনুষ্ঠান 'স্মৃতি চিরন্তন' সম্মুখস্থ রাস্তায় যথাসম্ভব সংক্ষিপ্ত আকারে পালন করা হোক। বছরব্যাপী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সকল কর্মসূচি মুজিববর্ষে উৎসর্গ করা হোক। এক্ষেত্রে ইতোপূর্বে গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পূর্বে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক ব্যবস্থা নিতে হবে। তবে আপাতত জন্মশতবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ১০০ কবুতর অবমুক্তকরণের বিষয়টি কর্মসূচি থেকে প্রত্যাহার করা হলো। এছাড়া মুজিববর্ষ ব্যাপী ক্যাম্পাসে প্রবেশের তিনটি ফটকে এবং টিএসসি-তে 'মুজিববর্ষ-২০২০' এর অস্থায়ী লোগো স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হোক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা ও নিরাপত্তা নিশ্চিত করা হোক। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ইতোপূর্বে যে বাজেট প্রণয়ন করা হয়েছিল সর্বক্ষেত্রে তার শতকরা ৫-১০ ভাগ রেখে অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় পালন করা হোক।
- পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ১১-০৩-২০২০

(মো. এনামউজ্জামান)

রেজিস্ট্রার

ঢাকা বিশ্ববিদ্যালয়

ও

সদস্য-সচিব

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত সমন্বয় কমিটি

স্বাক্ষরিত/- ১১-০৩-২০২০

(অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান)

উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়

ও

আস্থায়ক

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর
রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত সমন্বয় কমিটি